# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

লাকসাম রোড, কান্দিরপাড়, কুমিল্লা  ফোন ; ০৮১-৭৬৩২৮, ফ্যাক্স ; ০৮১-৭৬৪৩৮,
ওয়েবসাইট : www.comillaboard.gov.bd


স্মারক নং : পরী/মাধ্য/২০১৭/২৮৭(১৬৯৫)

তারিখ : ০৯-০৫-২০১৭ খ্রিঃ

**বিষয় ঃ এসএসসি ও সমমানের পরীক্ষায় শারীরিক শিক্ষা, স্বাস্থ্যবিজ্ঞান ও খেলাধুলা এবং ক্যারিয়ার শিক্ষা বিষয় দুটি অন্তর্ভুক্ত না করে ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে শিক্ষার্থীর মান যাচাই।**

সূত্র : জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড এর স্মারক নং- শি: উ: ২৭৭/১১/৪০৪, তারিখ : ১৮.০৪.২০১৭

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় শিক্ষাক্রম সমন্বয় কমিটি (এনসিসিসি) এর ২২.০৩.২০১৭ তারিখের সভায় এসএসসি ও সমমানের পরীক্ষায় শারীরিক শিক্ষা, স্বাস্থ্যবিজ্ঞান ও খেলাধুলা এবং ক্যারিয়ার শিক্ষা বিষয় অন্তর্ভুক্ত না করে বিষয় ২টি ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে বুদ্ধিবৃত্তিক, মনোপেশিজ ও আবেগীয় ক্ষেত্রে শিক্ষার্থীর মান যাচাই হবে মর্মে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। আগামী ২০১৮ সালের এসএসসি ও সমামান পরীক্ষা থেকে পদ্ধতিটি চালু হবে। উল্লেখ্য ২০১৮ সালের এসএসসি/সমমানের পরীক্ষার্থীদের ক্ষেত্রে দশম শ্রেণির ১ম সাময়িক ও প্রাক নির্বাচনী পরীক্ষায় ধারাবাহিক মূল্যায়নের নম্বরের গড় বোর্ডের নির্দেশনা অনুযায়ী বোর্ডে প্রেরণ করতে হবে। ২০১৯ সাল থেকে এসএসসি/সমমানের পরীক্ষার্থীদের ক্ষেত্রে নবম শ্রেণিতে ১ম ও ২য় সাময়িক এবং দশম শ্রেণির ১ম সাময়িক ও প্রাক নির্বাচনী পরীক্ষাসহ মোট ৪ বার রেকর্ড সংরক্ষণ করে তার গড় নম্বর বোর্ডের নির্দেশনা অনুযায়ী বোর্ডে প্রেরণ করতে হবে।

এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৪.৫.১৭

(কায়সার আহমেদ)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
ফোন ঃ ০৮১-৭৬১৭২

অত্র বোর্ডের আওতাধীন মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান।

সংযুক্তি :
ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে মান যাচাই বিষয়ে নম্বর বিভাজন ও নির্দেশনা।

# জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড
৬৯-৭০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
www.nctb.gov.bd


স্মারক নং- শি:উ: ২৭৭/১১ /৪০৪

তারিখ : ১৮/০৪/২০১৭ ইং

**বিষয় : এসএসসি ও সমমানের পরীক্ষায় শারীরিক শিক্ষা, স্বাস্থ্যবিজ্ঞান ও খেলাধুলা এবং ক্যারিয়ার শিক্ষা বিষয় দুটি অন্তর্ভুক্ত না করে ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে শিক্ষার্থীর মান যাচাই**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে, জাতীয় শিক্ষাক্রম সমন্বয় কমিটি (এনসিসিসি) এর ২২/০৩/২০১৭ তারিখের সভায় এসএসসি ও সমমানের পরীক্ষায় শারীরিক শিক্ষা, স্বাস্থ্যবিজ্ঞান ও খেলাধুলা এবং ক্যারিয়ার শিক্ষা বিষয় অন্তর্ভুক্ত না করে বিষয় ২টি ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে বুদ্ধিবৃত্তিক, মনোপেশিজ ও আবেগীয় ক্ষেত্রে শিক্ষার্থীর মান যাচাই হবে মর্মে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে মান যাচাই বিষয়ে নম্বর বিভাজন ও নির্দেশনা এতদসঙ্গে প্রেরণ করা হলো। আগামী ২০১৮ সালের এসএসসি ও সমমান পরীক্ষা পরীক্ষা থেকে পদ্ধতিটি চালু করতে হবে। উল্লেখ্য ২০১৮ সালের এসএসসি/সমমানের পরীক্ষার্থীদের ক্ষেত্রে দশম শ্রেণির ১ম সাময়িক ও প্রাক নির্বাচনি পরীক্ষায় ধারাবাহিক মূল্যায়নের নম্বরের গড় বোর্ডের নির্দেশনা অনুযায়ী সংশ্লিষ্ট বোর্ডসমূহে প্রেরণ করতে হবে। ২০১৯ সাল থেকে এসএসসি/সমমানের পরীক্ষার্থীদের ক্ষেত্রে নবম শ্রেণিতে ১ম ও ২য় সাময়িক এবং দশম শ্রেণির ১ম সাময়িক ও প্রাক নির্বাচনি পরীক্ষাসহ মোট ৪বার রেকর্ড সংরক্ষণ করে তার গড় নম্বর বোর্ডের নির্দেশনা অনুযায়ী সংশ্লিষ্ট বোর্ডসমূহে প্রেরণ করতে হবে।

বিষয়টি তাঁর আওতাধীন বিদ্যালয়সমূহে অবহিতকরণসহ প্রয়োজনীয় ব্যবস্থা নিতে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৮/৪/১৭
(ড. মোঃ নিজামুল করিম)
সচিব
ফোন: ৯৫৬৫৬৪৪

চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড
ঢাকা/কুমিল্লা/যশোর/রাজশাহী/সিলেট/বরিশাল/চট্টগ্রাম
দিনাজপুর/বাংলাদেশ মাদরাসা শিক্ষাবোর্ড/বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

**শারীরিক শিক্ষা, স্বাস্থ্যবিজ্ঞান ও খেলাধুলা** এবং **ক্যারিয়ার শিক্ষা** বিষয়সমূহ এসএসসি ও সমমানের পরীক্ষায় অন্তর্ভুক্ত না করে ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে **বুদ্ধিবৃত্তিক, মনোপেশিজ ও আবেগীয়** ক্ষেত্রে শিক্ষার্থীর মান যাচাই বিষয়ে নম্বর বণ্টন :

**বিষয় : শারীরিক শিক্ষা, স্বাস্থ্যবিজ্ঞান ও খেলাধুলা**

পূর্ণমান : ১০০
তত্ত্বীয় : ৪০
ব্যবহারিক : ৬০

**তত্ত্বীয় অংশ : ৪০**
শ্রেণি অভীক্ষা : ২০
বাড়ির কাজ ও অনুসন্ধানমূলক কাজ : ২০

- কমপক্ষে ৩টি শ্রেণি অভীক্ষা নিতে হবে। সর্বোচ্চ নম্বর প্রাপ্ত ২টি শ্রেণি অভীক্ষার নম্বর বিবেচনা করতে হবে।
- কমপক্ষে ২টি বাড়ির কাজ বা অনুসন্ধানমূলক কাজ মূল্যায়ন করতে হবে। সর্বোচ্চ নম্বর প্রাপ্ত ১টির নম্বর বিবেচনা করতে হবে।

**ব্যবহারিক অংশ : ৬০**
খেলাধুলায় অংশগ্রহণ : ৪০
খেলাধুলায় পারদর্শিতা : ২০

- প্রত্যেক শিক্ষার্থীর কমপক্ষে ১টি খেলায় অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।
- মাঠে শিক্ষার্থীর খেলাধুলায় অংশগ্রহণ পর্যবেক্ষণ করে নম্বর প্রদান করতে হবে।

**বিষয় : ক্যারিয়ার শিক্ষা**

পূর্ণমান : ৫০
তত্ত্বীয় : ৩০
ব্যবহারিক : ২০

**তত্ত্বীয় অংশ : ৩০**
শ্রেণির কাজ : ১০
শ্রেণি অভীক্ষা : ২০

- শ্রেণির কাজ মূল্যায়ন করে নম্বর প্রদান করতে হবে।
- কমপক্ষে ৩টি শ্রেণি অভীক্ষা নিতে হবে। সর্বোচ্চ নম্বর প্রাপ্ত ২টি শ্রেণি অভীক্ষার নম্বর বিবেচনা করতে হবে।

**ব্যবহারিক অংশ : ২০**
বাড়ির কাজ ও অনুসন্ধানমূলক কাজ : ২০

- কমপক্ষে ২টি বাড়ির কাজ বা অনুসন্ধানমূলক কাজ দিতে হবে। সর্বোচ্চ নম্বর প্রাপ্ত ১টির নম্বর বিবেচনা করতে হবে।

১৮।০৪।২৩

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ
৬৯-৭০ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা
www.nctb.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

## শিক্ষার্থীর আচরণ ও মূল্যবোধের (আবেগীয় শিখনফল) ধারাবাহিক মূল্যায়নের নির্দেশক ও রেকর্ড সংরক্ষণ ছক

| রোল নম্বর | শিক্ষার্থীর নাম | সাময়িক পরীক্ষা | | | | | | | | | | | | | | | | | | | | প্রাপ্ত নম্বর | | মন্তব্য | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | নিয়মানুবর্তিতা | | দেশপ্রেম | | সততা | | নেতৃত্ব | | শৃঙ্খলা | | সহযোগিতা | | সক্রিয় অংশগ্রহণ | | সহিষ্ণুতা | | সচেতনতা | | সময়ানুবর্তিতা | | | | | |
| | | ১ম | ২য় | ১ম | ২য় | ১ম | ২য় | ১ম | ২য় | ১ম | ২য় | ১ম | ২য় | ১ম | ২য় | ১ম | ২য় | ১ম | ২য় | ১ম | ২য় | ১ম | ২য় | ১ম | ২য় |
| ১ | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ২ | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ৩ | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |

**নির্দেশনা :** ছকে উল্লেখিত ১০টি নির্দেশকের আলোকে শিক্ষার্থীর আচরণ ও মূল্যবোধ মূল্যায়ন করতে হবে। এক্ষেত্রে একজন শিক্ষার্থী প্রতিটি নির্দেশকের জন্য ৩ (অতি উত্তম) বা ২ (ভালো) বা ১ (অগ্রগতি প্রয়োজন) পেতে পারে। ১০টি নির্দেশকের জন্য একজন শিক্ষার্থী সর্বোচ্চ ৩০ এবং সর্বনিম্ন ১০ পেতে পারে। শিক্ষার্থীর আচরণ ও মূল্যবোধ মূল্যায়নে চার স্তরের পৃথক মতামত নিচের ছক অনুযায়ী প্রদান করতে হবে :

| নম্বরের সীমা | শিক্ষার্থীর আচরণ ও মূল্যবোধ মূল্যায়নের মতামত |
|---|---|
| ২৬-৩০ | অতি উত্তম |
| ২১-২৫ | উত্তম |
| ১৬-২০ | ভালো |
| ১০-১৫ | অগ্রগতি প্রয়োজন - |

- ২০১৮ সালের এসএসসি বা সমমানের পরীক্ষার্থীদের ক্ষেত্রে দশম শ্রেণির প্রথম সাময়িক ও প্রাক-নির্বাচনি পরীক্ষায় ধারাবাহিক মূল্যায়নের নম্বরের গড় বোর্ডের নির্দেশনা অনুযায়ী সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডসমূহে প্রেরণ করতে হবে।
- ২০১৯ সাল থেকে এসএসসি বা সমমানের পরীক্ষার্থীদের ক্ষেত্রে নবম শ্রেণিতে ১ম ও ২য় সাময়িক এবং দশম শ্রেণিতে ১ম সাময়িক ও প্রাক নির্বাচনি পরীক্ষাসহ মোট ৪বার রেকর্ড সংরক্ষণ করতে হবে। ৪বারের প্রাপ্ত নম্বরের গড় নম্বর বোর্ডের নির্দেশনা অনুযায়ী শিক্ষাবোর্ডে প্রেরণ করতে হবে। শিক্ষাবোর্ড এসএসসি ও সমমানের পরীক্ষার নম্বরপত্রের সাথে বিদ্যালয় কর্তৃক প্রেরিত শারীরিক শিক্ষা, স্বাস্থ্যবিজ্ঞান ও খেলাধুলা এবং ক্যারিয়ার শিক্ষা বিষয় দুটির ধারাবাহিক মূল্যায়নে প্রাপ্ত নম্বর উল্লেখ করে চূড়ান্ত ফলাফল প্রকাশ করবে। তবে ধারাবাহিক মূল্যায়নে প্রাপ্ত এ বিষয়গুলোর নম্বর শিক্ষার্থীর গ্রেড নির্ধারণে প্রযোজ্য হবে না। বিষয় দুটির প্রাপ্ত নম্বর শিক্ষার্থীর বিশেষ যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।
- শিক্ষার্থীর আচরণ ও মূল্যবোধের মূল্যায়ন মতামত প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্রে অবশ্যই উল্লেখ করতে হবে।
- প্রতি সাময়িকে শিক্ষার্থীর আচরণ ও মূল্যবোধ মূল্যায়ন মতামত অবশ্যই অভিভাবকগণকে অবগত করতে হবে।